



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/

তারিখ: ২৭ মার্চ, ২০১৯

প্রেস বিজ্ঞপ্তি

আজ ২৭ মার্চ, ২০১৯ তারিখ বিকাল ৩টায় শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেটের সিভিল এন্ড এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ারিং (সিইই) বিভাগ আয়োজিত ‘Workshop on Sewage Treatment Plant Management’ এর সার্টিফিকেট বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ বলেন, গুণগতমানের শিক্ষা প্রদানের জন্য এ ধরনের কর্মশালা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। শিক্ষার্থীদের হাতে কলমে শিক্ষা প্রদানের জন্য নিয়মিতভাবে এ ধরনের কর্মশালার আয়োজন করা প্রয়োজন। বিশেষ করে সিইই বিভাগের শিক্ষার্থীদের এ প্রশিক্ষণের গুরুত্ব আরো বেশি।

উল্লেখ্য, গত ১৫ থেকে ১৬ মার্চ সিইই বিভাগে এ কর্মশালা অনুষ্ঠিত হয়। বিভাগীয় প্রধান প্রফেসর ড. মো. আজিজুল হকের সভাপতিত্বে সার্টিফিকেট বিতরণ অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন সিলেটের গণপূর্ত বিভাগের এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার মো. কুতুব আল হোসাইন।

অনুষ্ঠানের শুরুতেই ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন কর্মশালায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের হাতে সার্টিফিকেট তুলে দেন।

রেজিস্ট্রার